# কসর ও জমা করে সালাত আদায় সম্পর্কে কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ কসর ও জমা করে সালাত আদায় সম্পর্কে কিছু বিধান

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

জমা করার সময়ের ব্যাপকতা:

বস্তু জমা করে সালাত আদায় করার বিধানটি দেওয়া হয়েছে মুসলিমদের উপর রুখসত বা ছাড় ও মহানুভবতার জন্য। সুতরাং প্রথম সালাতের শুরু থেকে এ জমা করার সময় দ্বিতীয় সালাতের শেষ পর্যন্ত দীর্ঘ হবে।

ইবন তাইমিয়্যা বলেন, সালাতের সময় সাধারণ অবস্থায় পাঁচটি, আর ওযর ও প্রয়োজনের সময় তার সময় তিনটি। কারণ আল্লাহ তা‘আলা বলেন,

﴿ أَقِمِ ٱلصَّلَوٰةَ لِدُلُوكِ ٱلشَّمۡسِ إِلَىٰ غَسَقِ ٱلَّيۡلِ وَقُرۡءَانَ ٱلۡفَجۡرِۖ ﴾ [الاسراء: ٧٨]

“তোমরা সালাত আদায় করো সূর্য হেলে যাওয়ার পর থেকে রাতের অন্ধকার হওয়া পর্যন্ত এবং ফজরের কুরআন পাঠ”। [সূরা বনী ইসরাঈল, ৭৮]

আর নিয়মনীতিও এভাবে চলে এসেছে যে ওযরের সময় এ ওয়াক্তগুলোতেই আদায় করত হয়, আর তাই যোহর ও আসরকে সূর্য হেলে যাওয়ার পর থেকে সূর্য ডুবে যাওয়া পর্যন্ত পড়ার বৈধতা রয়েছে। আর মাগরিব ও ইশাকে সূর্য ডুবে যাওয়ার পর থেকে সুবহে সাদিক উদিত হওয়া পর্যন্ত পড়া বৈধ। আর এটাই হচ্ছে দু’ সালাতকে একত্রে আদায় করার বাস্তবতা। [ইবন তাইমিয়্যাহ, শারহুল উমদা, পৃ. ২৩০-২৩১]

আর তাই এটা প্রমাণিত হলো যে,

- প্রথম সালাতটি আদায় করার সময় দ্বিতীয় সালাতটি তার সাথে জমা করার নিয়্যত থাকা জরুরী নয়। কারণ এর উপর কোনো দলীল নেই।

মুসাফিরের সালাতের সময় তিনটি, সূর্য হেলে যাওয়ার পর থেকে সূর্য ডুবা পর্যন্ত যোহর ও আসরের সময়। আর সূর্য ডুবার পর থেকে সুবহে সাদিক উদিত হওয়া পর্যন্ত মাগরিব ও ইশার সময়। আর সুবহে সাদিক উদিত হওয়া থেকে শুরু করে সূর্য উঠা পর্যন্ত ফজরের সময়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7295

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন